গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ

মৎস্য ভবন, রমনা, ঢাকা

আইসিটি শাখা

...

সভাপতি	মোঃ মনোয়ার হোসেন উপপরিচালক
সভার তারিখ	২৭/১২/২০১৮খ্রি.
সভার সময়	বিকাল ৩.০০ ঘটিকায়
স্থান	উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) এর অফিস কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১। মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম পর্যালোচনা :

সভাপতি উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) ও সদস্য সচিব এর নিকট মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) জনাব মোঃ বদিউল আলম সুফল সভায় জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর লক্ষ্যমাত্রা/নির্ণায়ক অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এখন পর্যন্ত মৎস্য অধিদপ্তরের ইনোভেশন বিষয়ক অবস্থান সন্তোষজনক বলা যেতে পারে। তবে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য অন্যান্য শাখার সহযোগিতা প্রয়োজন।

২। মাঠ পর্যায়ের উদ্ভাবনী আইডিয়া আহবান এবং প্রস্তাবকৃত উদ্যোগ পর্যালোচনাঃ

উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) সভায় জানান যে, বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০১৮-১৯ মোতাবেক ৪নং অনুচ্ছেদ অনুযায়ী মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে অনলাইনে উদ্ভাবনী ধারণা বা উদ্যোগ আহবান করা হয়েছিল। এতে ৮ জন উদ্ভাবকের সর্বমোট ১৫টি আইডিয়া পাওয়া যায়। অনলাইনে প্রাপ্ত আইডিয়াসমূহ কম্পাইল করে উপস্থাপন করা হয়, এর ফলে সময় ও অর্থ সাশ্রয় হয়েছে এবং পেপারলেস অফিস বাস্তবায়নে মৎস্য অধিদপ্তর আরো এগিয়েছে। অত্র আইডিয়াসমূহের মধ্যে ২টি আইডিয়া এটুআই এর সার্ভিস ইনোভেশন ফান্ড এর জন্য প্রাথমিকভাবে মনোনীত হয়েছে। এজন্য ইনোভেশন অফিসার মহোদয় উদ্ভাবক জনাব মোঃ বদিউল আলম সুফল, উপজেলা মৎস্য কর্মকর্তা ও উদ্ভাবক জনাব তানভীর হাসান চৌধুরী, সহকারী পরিচালক-কে মৎস্য অধিদপ্তরের পক্ষ থেকে অভিনন্দন জানান। এছাড়া, বিভিন্ন উদ্ভাবকবৃন্দ এবং ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে নিয়ে মৎস্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে ১দিন ব্যাপী ইনোভেশন সংক্রান্ত কর্মশালার আয়োজন করা হয়েছে।

৩। ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পর্যালোচনাঃ

সদস্য সচিব সভায় জানান যে, মৎস্য অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ২.১ মোতাবেক ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে এবং কর্মপরিকল্পনার ২.২.১ অনুচ্ছেদ মোতাবেক ইনোভেশন টিমের বিগত সকল সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন হচ্ছে। এছাড়া ইনোভেশন সংক্রান্ত সকল কার্যক্রম সঠিকভাবে সম্পাদিত হচ্ছে।

৪। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনা :

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, বিগত ১২/১১/২০১৮ খ্রিঃ তারিখের ইনোভেশন টিমের সভায় ৪টি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে মর্মে সদস্য সচিব সভাকে অবহিত করেন। ২০১৮-১৯ অর্থবছরে ক্রমপুঞ্জিভূত বাস্তবায়িত মোট সিদ্ধান্ত হলো ১৪টি।

ক) উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের অগ্রাধিকারভিত্তিতে বৈদেশিক শিক্ষা সফরের জন্য প্রেরণের ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত ১টি ইউ.ও. নোট বিভিন্ন প্রকল্প পরিচালক মহোদয় এবং সহকারী পরিচালক, প্রশিক্ষণ বরাবর প্রেরণ করা হয়েছে, যার

নম্বর ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০১.১৭.৯১; তারিখঃ ২৫/১১/২০১৮ খ্রি.

খ) ইনোভেশন খাতে বাজেট বৃদ্ধির জন্য উপযোজনের সময় প্রয়োজনীয় অর্থ বরাদ্দের প্রয়োজনীয়তার বিষয় জানিয়ে ইতিমধ্যে অর্থ ও পরিকল্পনা শাখাকে পত্র দেয়া হয়েছে যার নম্বর ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০১.১৭.৭১ তারিখঃ ২২-১০-২০১৮ খ্রি.

৫. বিবিধ আলোচনা :

ক) উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত মৎস্য অধিদপ্তরের সেবা প্রোফাইলে মৎস্য অধিদপ্তরের মোট ১২টি নাগরিক সেবার কথা উল্লেখ রয়েছে। এর মধ্যে যে কোন ১টি সেবাকে চলতি অর্থবছরের মধ্যে সহজিকরণের বাধ্যবাধকতা রয়েছে। তার অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ম্যাট্রিক্স ক্যালকুলেশন করে মৎস্য বিষয়ক পরামর্শ (প্রযুক্তি, রোগ ও উপকরণ সংগ্রহ) সেবাটিকে সহজিকরণের আওতায় নিয়ে আসা যায় কিনা সে বিষয়ে মতামত চাওয়া হয়। সেবা সহজিকরণ পদ্ধতি বাস্তবায়নের নিমিত্ত নিম্নলিখিত সদস্যের সমন্বয়ে ১টি কমিটি গঠন করা যেতে পারে।

ক্র	নাম ও পদবি	কর্মস্থল	কমিটিতে পদ
১	জনাব মোঃ ইউসুফ খান, উপপ্রধান	মৎস্য ভবন, রমনা, ঢাকা	আহ্বায়ক
২	জনাব সাধন চন্দ্র সরকার, সহকারী পরিচালক	মৎস্য ভবন, রমনা, ঢাকা	সদস্য
৩	জনাব রাজু আহমেদ, সহকারী পরিচালক	মৎস্য ভবন, রমনা, ঢাকা	সদস্য
৪	জনাব শবনম মোস্তারী, সহকারী পরিচালক	মৎস্য ভবন, রমনা, ঢাকা	সদস্য
৫	জনাব মোঃ বদিউল আলম সুফল, উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ)	মৎস্য ভবন, রমনা, ঢাকা	সদস্য

খ) মৎস্য অধিদপ্তর উদ্ভাবনী উদ্যোগসমূহের ১ মিনিট করে ভিডিও ক্লিপ তৈরির জন্য মাঠ পর্যায়ের উদ্ভাবকগণের সমন্বয়ে প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে;

গ) মৎস্য অধিদপ্তরের উদ্ভাবন সংশ্লিষ্ট মেন্টর-মেন্টি নির্ধারণ করে আগামী ৩১-১২-২০১৮ খ্রি. তারিখের মধ্যে মৎস্য অধিদপ্তরের ওয়েবপোর্টালে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। তাই, মেন্টর-মেন্টি নির্ধারণ করে তালিকা প্রস্তুত করা যেতে পারে;

ঘ) মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদানের লক্ষ্যে ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে মাঠ পর্যায়ে যাওয়ার ব্যাপারে অফিস আদেশ করে দেয়া যেতে পারে;

ঙ) উদ্ভাবকগণের দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

চ) মৎস্য খাদ্য লাইসেন্সিং সেবাটিকে ই-সেবাতে রূপান্তরের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে ইনোভেশন টিম মতামত বা পরামর্শ দিতে পারে।

সভার উপস্থিত সদস্যগণ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেন।

সিদ্ধান্তসমূহ:

১। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যাদি যথাসময়ে সম্পন্ন করতে হবে;

২। উদ্ভাবকগণকে নিয়ে দুই দিনের ইনোভেশন বিষয়ক কর্মশালার আয়োজনের জন্য প্রশিক্ষণ শাখাকে পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়;

৩। সেবা সহজিকরণ সংক্রান্ত কমিটি গঠন করে এই বিষয়ক কর্মকান্ড পরিচালনা এবং মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগপূর্বক ব্যবস্থাগ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়;

৪। ভিডিও ক্লিপ মেকিং প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত পত্র প্রশিক্ষণ শাখায় প্রেরণের সিদ্ধান্ত হয়;

৫। মেন্টর-মেন্টি নির্ধারণপূর্বক ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত হয়;

৬। ইনোভেশন টিমের সদস্যদের মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম পর্যবেক্ষণের জন্য ইনোভেশন টিমের সদস্যগণকে প্রেরণের সিদ্ধান্ত হয়;

৭। উদ্ভাবকগণের শিক্ষা সফর আয়োজনের জন্য প্রশিক্ষন শাখায় পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়;

৮। মৎস্য খাদ্য লাইসেন্সিং সেবাটিকে ই-সেবায় রূপান্তরের লক্ষ্যে পাইলটিং এলাকাগুলোর কাছে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা নাথাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা.
মোঃ মনোয়ার হোসেন
উপপরিচালক

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০১.১৭.১০

তারিখ: ২৩ পৌষ ১৪২৫
০৬ জানুয়ারি ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্ম-সচিব (ব্লু-ইকোনমি) ও চিফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;
২) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ;
৩) উপপ্রধান, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর;
৪) সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর;
৫) সহকারী পরিচালক, বাজেট শাখা, মৎস্য অধিদপ্তর;
৬) সহকারী পরিচালক, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর;
৭) প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, সম্প্রসারণ শাখা, মৎস্য অধিদপ্তর;
৮) সহকারী পরিচালক , বাস্তবায়ন শাখা, মৎস্য অধিদপ্তর;
৯) গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর।

০৬/০১/১৯
মোঃ বদিউল আলম সুফল
উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও সদস্য
সচিব